দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 1 1 1999 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৭

69

# বাংলাদেশ ও ভারতের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রটোকল স্বাক্ষরিত

বাসস ॥ বাংলাদেশ ও ভারত গতকাল বুধবার ১৯৯৯-২০০০ সালের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি সহযোগিতাসংক্রান্ত একটি প্রটোকল স্বাক্ষর করিয়াছে। উহাতে সফর বিনিময়, কর্মশিবির, বৈজ্ঞানিক সম্মেলন, সম্মেলন ও প্রদর্শনীসহ যৌথ গবেষণার আকারে সহযোগিতার ব্যবস্থা রহিয়াছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকায় বাংলাদেশ-ভারত যৌথ বিজ্ঞান ও প্রযুক্তি কমিটির দুই দিনব্যাপী প্রথম বৈঠকশেষে অধ্যাপক ভিএস রামমূর্তি এবং এম ফজলুর রহমান নিজ নিজ সরকারের পক্ষে প্রটোকলে স্বাক্ষর করেন। উল্লেখ্য, ১৯৮২ সালের ১৮ই নভেম্বর বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রযুক্তি ও বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে সহযোগিতা সংক্রান্ত চুক্তির অধীনে যৌথ কমিটির এই বৈঠক অনুষ্ঠিত হয়।